



উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দরে উন্নয়নমূলক সকল প্রকল্প পরিদর্শন করলেন নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, চলমান থাকবে মোংলা বন্দরের সকল উন্নয়ন প্রকল্প”

২৮ ডিসেম্বর, ২০২২ খ্রি: ও ২৯ ডিসেম্বর ২০২২ খ্রি: মোংলা বন্দরের সকল উন্নয়ন প্রকল্প পরিদর্শন করে দেখেন নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। কমিটির সভাপতি মেজর (অব:) রফিকুল ইসলাম, বীর উত্তম, এমপি এর সাথে কমিটির আরো চার সদস্য ছিলেন তারা হলেন রণজিৎ কুমার রায়, এমপি, এম আব্দুল লতিফ, এমপি, এস এম শাহজাদা, এমপি ও মো: আসলাম হোসেন সওদাগর, এমপি। মোংলা বন্দরের সভাকক্ষে সংসদীয় কমিটির সাথে মোংলা বন্দর কর্তৃপক্ষের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা সভাপতিত্ব করেন। তিনি মোংলা বন্দরের বর্তমান অবস্থা ও সরকারের ঐকান্তিক প্রচেষ্টায় মোংলা বন্দরের বর্তমান সক্ষমতা সম্পর্কে জানান। মোংলা বন্দরের বর্তমান উন্নয়ন ও বন্দরের বর্তমান সক্ষমতা দেখে নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি খুবই সন্তোষ প্রকাশ করেন এবং বলেন বন্দরের সকল প্রকার উন্নয়নমূলক প্রকল্প চলমান থাকবে। এবিষয়ে তারা তাদের সর্বাঙ্গিক সহযোগীতা প্রদান করবেন বলে জানান।

এর পরে নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি মোংলা বন্দরের সকল প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে দেখেন। ২৯ ডিসেম্বর মোংলা বন্দরের স্বাধীনতা চত্বরের সামনে সভাপতি মেজর (অব:) রফিকুল ইসলাম, বীর উত্তম, এমপি মোংলা বন্দর মুক্তিযোদ্ধা কমান্ড ইউনিট এর বীরমুক্তিযোদ্ধাদের সাথে স্বাধীনতা যুদ্ধের স্মৃতিচারণে এক আলোচনা সভা করেন।

সর্বশেষ ২৯ ডিসেম্বর, ২০২২ খ্রি: বিকেল ০৪:০০ ঘটিকায় মোংলা বন্দর কর্তৃপক্ষের আয়োজন নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ও সদস্যবৃন্দ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন এবং জাতির পিতা সহ ১৫ আগস্ট এ নিহত সকল শহীদদের আত্মার শান্তি কামনায় বিশেষ মোনাজাত ও দোয়া করা হয়।

স্বাক্ষরিত/-
মো: মাকরুজ্জামান
উপসচিব